

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৮৭

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ الثَّنَفْ

## আরবী

وَعَنْ سَهْلِ بْنِ سَعْدِ قَالَ: جَاءَ رَجُلٌ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ دُلَّنِي عَلَى عَمَلِ إِذَا أَنَا عَمِلْتُهُ أَحَبَّنِي اللَّهُ وَأَحَبَّنِي النَّاسُ. قَالَ: «ازْهَدْ فِي الدُّنْيَا يُحِبُّكَ اللَّهُ وَازْهَدْ فِيمَا عِنْدَ النَّاسِ يُحِبُّكَ اللَّهُ وَازْهَدْ فِيمَا عِنْدَ النَّاسِ يُحِبُّكَ النَّاسُ» رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْن مَاجَه

ضعیف ، رواه الترمذی (لم اجده) و ابن ماجم (4102) \* فیم خالد بن عمرو القرشی : كذاب قضاع ولم متابعات مردودة و شواهد ضعیفة فالسند موضوع و الحدیث ضعیف ـ

#### বাংলা

৫১৮৭-[৩৩] সাহল ইবনু সা'দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি [রাসূলুল্লাহ (সা.)-এর নিকট] এসে বলল : হে আল্লাহর রসূল! আমাকে এমন একটি কাজের আদেশ দিন যা করলে আল্লাহ আমাকে ভালোবাসবেন এবং মানুষেরাও আমাকে ভালোবাসবে। তিনি বললেন: দুনিয়া বর্জন করো, আল্লাহ তোমাকে ভালোবাসবেন এবং মানুষের নিকট যা আছে তার প্রতি লোভ করো না। তাহলে লোকেরা তোমাকে ভালোবাসবে। (তিরমিয়ী ও ইবনু মাজাহ)

# ফুটনোট

সহীহ: ইবনু মাজাহ ৪১০২, সিলসিলাতুস সহীহাহ্ ৯৪৪, সহীহুল জামি' ৯২২, ১০৬০৫, সহীহ আত্ তারগীব ওয়াত তারহাব ৩২১৩, রিয়াযুস সলিহীন ৪৭৬, শুআবুল ঈমান ১০৫২৩, আল মুজামুল কাবীর লিত্ব ত্বারানী ৫৮৩৯, হিদায়াতুর রুম | ১১৬/১১৪ পৃ.।



### ব্যাখ্যা

व्याणा: (ازْهَدُ فِي الدُّنْيَا يُحِبُّكَ اللَّهُ) তুমি দুনিয়া পরিত্যাগ কর তাহলে আল্লাহ তোমাকে ভালোবাসবেন। অর্থাৎ দুনিয়ার ঐশ্বর্য অর্জন করার ক্ষমতা থাকতেও জাহান্নামের ভয়ে ও জান্নাতের আশায় ঐশ্বর্য অর্জনের পথ পরিহার করে আল্লাহর পথে জীবন ব্যয় করলেই আল্লাহ তোমাকে ভালোবাসবেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন